

## নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

যোহর ও আছরের ছালাত জমা ও কছরের সাথে আদায় (الجمع والقصر للظهر والعصر)

খুৎবা শেষে রাসূলুল্লাহ (ছাঃ) বেলালকে আযান দিতে বলেন। অতঃপর প্রথম একামতে যোহরের ছালাত এবং দিতীয় একামতে আছরের ছালাত আদায় করেন। তিনি উভয় ছালাত দু'রাক'আত করে জমা ও কছর হিসাবে পড়েন।[1] এদিন আছরের ছালাত এগিয়ে যোহরের সময় মিলিয়ে পড়া হয়।[2] যাকে 'জমা তাকদীম' বলা হয়। উভয় ছালাতের মধ্যে কোন সুন্নাত-নফল পড়েননি।[3]

হাফেয ইবনুল কাইয়িম বলেন, নিঃসন্দেহে এদিন মক্কাবাসীগণ রাসূল (ছাঃ)-এর সাথে যোহর ও আছর জমা ও কছর সহ আদায় করেন। তিনি তাদেরকে ছালাত পূর্ণ করতে বলেননি কিংবা জমা পরিত্যাগ করতে বলেননি' (যাদুল মা'আদ ২/২১৬)। এক্ষণে যিনি বলেন যে, এদিন রাসূল (ছাঃ) তাদের বলেছিলেন, فَإِنَّا قَوْمٌ سَفُرٌ يَا أَهْلَ الْبَلَدِ صَلُّوا أَرْبَعً 'হে শহরবাসীগণ! তোমরা চার রাক'আত ছালাত পূর্ণ কর। কেননা আমরা মুসাফির'। কথাটি মারাত্মক ভুল। কেননা এটি তিনি মক্কা বিজয়ের দিন মক্কাবাসীদের উদ্দেশ্যে বলেছিলেন। কারণ তারা সেখানে মুক্কীম ছিলেন'।[4] অতএব এটিই বিদ্বানগণের বিশুদ্ধতম সিদ্ধান্ত যে, মক্কাবাসীগণ আরাফাতের ময়দানে জমা ও কছরের সাথে ছালাত আদায় করবেন। যেমন তারা রাসূল (ছাঃ)-এর সাথে করেছিলেন। এর দ্বারা একথাই প্রমাণিত হয় যে, সফরের জন্য নির্দিষ্ট দূরত্ব ও সময়কাল শর্ত নয়। কেবল সফরটাই শর্ত (যাদুল মা'আদ ২/২১৬-১৭)। আর কুরআনেরও বক্তব্য সেটাই (নিসা ৪/১০১)।

ছালাত শেষে রাসূল (ছাঃ) সওয়ারীতে আরোহণ করে ওয়াদীয়ে নামেরাতে স্বীয় তাঁবুতে গমন করেন ও সূর্য অদৃশ্য হওয়া পর্যন্ত সেখানে অবস্থান করেন। তিনি সবাইকে বলেন, عَرْفَةُ كُلُّهَا مَوْقِفَ 'পুরা আরাফাতের ময়দান হ'ল অবস্থানস্থল' (মুসলিম হা/১২১৮ (১৪৯)। কেননা এটি ইবরাহীমের উত্তরাধিকার সমূহের অন্যতম' (তিরমিয়ী হা/৮৮৩)। এ সময় নাজদবাসীদের প্রশ্নের উত্তরে তিনি বলেন, الْحَيُّ عَرَفَةُ عَرَفَةُ المعالى والمعالى المعالى المعا

## ফুটনোট

- [1]. বুখারী হা/১৬৬২ ইবনু ওমর (রাঃ) হ'তে 'হজ্জ' অধ্যায়-২৫ 'আরাফা ময়দানে দুই ছালাত জমা করা' অনুচ্ছেদ-৮৯; মিশকাত হা/২৬১৭ 'মানাসিক' অধ্যায়-১০, অনুচ্ছেদ-৫; 'আওনুল মা'বূদ শরহ আবুদাউদ হা/১৯১৩; বুখারী হা/১১০৭, ইবনু আববাস (রাঃ) হ'তে; হা/১১০৯ ইবনু ওমর (রাঃ) হ'তে 'ছালাতে রুছর করা' অধ্যায়।
- [2]. মুসলিম হা/১২১৮ (১৪৭); মিশকাত হা/২৫৫৫ 'বিদায় হজ্জ' অনুচ্ছেদ।



- [3]. মুসলিম হা/১২১৮ (১৪৭); মিশকাত হা/২৫৫৫; মির'আত শরহ মিশকাত হা/২৫৭৯-এর আলোচনা; আলবানী, মানাসিকুল হাজ্জ ওয়াল ওমরাহ (কুয়েত : ৩য় সংস্করণ ১৪০৩ হিঃ) পৃঃ ২৯-৩০।
- [4]. আবুদাউদ হা/১২২৯; আহমাদ হা/১৯৮৯১।

দুর্ভাগ্য আজকাল অনেক হাজী আরাফাতে জমা ও কছর করেন না এবং ইমামের সাথে ছালাত আদায় করেন না। এমনকি অনেকে হারামে ছালাত শুদ্ধ নয় মনে করে সেখানে ছালাত পড়েন না। পড়লেও স্বীয় অবস্থানে গিয়ে পুনরায় ছালাত আদায় করেন। এগুলি স্রেফ মূর্খতা ও হঠকারিতা বৈ কিছুই নয়।

[5]. তিরমিয়ী হা/৩৫৮৫; মিশকাত হা/২৫৯৮; ছহীহাহ হা/১৫০৩।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5719

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন